

শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ থেকে আয় বৃদ্ধি এবং উন্নত পুষ্টি

পোল্ডারের জনসমষ্টি মূলত শস্য, মৎস্য ও প্রাণিসম্পদের আয় থেকে জীবন নির্বাহ করে থাকে। কার্যকর পানি ব্যবস্থাপনা উৎপাদন বাড়াতে সহায়তা করবে, যার ফলে জনগণের আয় বাড়বে এবং বৃদ্ধি পাবে উন্নত পুষ্টির যোগান। আমরা আপনাদের সাথে থাকবো উন্নত পুষ্টির যোগান ও আয় বাড়াতে।



- কৃষক মাঠ স্কুল (FFS) গঠন করা হবে উন্নত কৃষিজ পদ্ধতি শিখে উৎপাদন বাড়াতে। এতে উৎপাদন ব্যয় কমে আপনাদের আয় বাড়বে।
- কৃষক মাঠ স্কুল ও পোল্ডার উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য থাকবে উৎপাদন বাড়ানো, যাতে করে উন্নত পুষ্টির খাদ্য স্থানীয় বাজারে সুলভ হয়।

ব্যবসায় সহায়তা

লাভজনক কৃষি কর্মকাণ্ড নিয়মিত আয়ের যোগান দেয়, যা দিয়ে পরিবারের প্রয়োজন মিটিয়ে বাড়তি বিনিয়োগ করা যায়। ব্যবসা সম্প্রসারণ কর্মসংস্থানও বাড়ায়। ব্যবসা উন্নয়নে আমরা আপনাদের সহায়তা করবো।



- আমাদের ব্যবসা উন্নয়ন সহযোগীরা পোল্ডারে ব্যবসাপোষোগী পণ্য চিহ্নিত করে তার উৎপাদন ও বাজার সংশ্লিষ্ট বিষয়াদি ও ঝুঁকি নিরূপণ করতে বাজারমুখী সহায়তা দেবে।
- কৃষিজ উৎপনের লাভ লোকসান পর্যালোচনা করে বাজার সম্পর্কে তথ্যবহুল সার্বিক চিত্র পেতে আমরা আপনাদের সহায়তা করবো। ভাল মানের উপকরণ বিক্রেতা ও উৎপাদিত পণ্যের ক্রেতার সাথে যোগাযোগে সহায়তা করবো।
- বাজারের চাহিদা বুঝে সেই অনুযায়ী উৎপাদনের সিদ্ধান্ত নিতে সহায়তা দেবে।

জনগণের অংশিদারিত্বে কার্যকর পানি ব্যবস্থাপনা ও পানিসম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের নির্বাচিত পোল্ডারসমূহে জনজীবনের টেকসই আর্থ-সামাজিক উন্নয়নই ব্লু গোল্ড প্রোগ্রামের লক্ষ্য।

ব্লু গোল্ড প্রোগ্রাম

বাড়ি ৩৬২, শের-এ-বাংলা রোড, খুলনা। **টেলিফোন:** ০১৮১৯২৪১৪৯২
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কালিকাপুর, পটুয়াখালী। **টেলিফোন:** ০১৭৮৪৫৬৮১২৮
করিম মঞ্জিল, বাড়িঃ ১৯, সড়কঃ ১১৮, গুলশান, ঢাকা। **টেলিফোন:** ৯৮৯৪৫৫০
ই-মেইল: info@bluegoldbd.org **ওয়েব:** bluegoldbd.org

www.facebook.com/bluegoldprogram

ব্লু গোল্ড প্রোগ্রাম



উন্নয়নে পানি ব্যবস্থাপনা



খুলনা, সাতক্ষীরা, পটুয়াখালী ও বরগুনার নির্বাচিত পোল্ডারে পানি ব্যবস্থাপনা দল সংগঠিত করে জনগোষ্ঠীকে পানির সুষ্ঠু ব্যবস্থাপনায় সম্পৃক্ত করাই ব্লু গোল্ডের প্রধান উদ্দেশ্য। এ সমস্ত পোল্ডারে পানি ব্যবস্থাপনাই আয় বৃদ্ধির চালিকা শক্তি। “ব্লু গোল্ড” শব্দটি আমরা ব্যবহার করি পানির সেই সমস্ত সম্ভাবনাকে চিহ্নিত করে কাজে লাগাতে যা গ্রামীণ জীবনে কল্যাণকর পরিবর্তন আনবে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড,
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং ব্লু গোল্ড কারিগরি টিম

আমরা আপনাদের সহযোগী


আপনাদের সার্বিক উন্নয়নে
আমরা নিম্নোক্ত কর্মসূচী ভিত্তিক সহযোগিতা করবো:

সংগঠন শক্তিশালীকরণ

পোল্ডারের মূল সমস্যাকে মোকাবেলা করে উন্নয়ন কর্মকাণ্ডের সকল পর্যায়ে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা এবং প্রকল্পের অবকাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণে জনগণের অংশিদারিত্ব প্রতিষ্ঠা করা অত্যাবশ্যিক।



- পোল্ডার এলাকার জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে তিন স্তরে পানি ব্যবস্থাপনা সংগঠন গড়া হবে। একটি ক্ষুদ্র পানি নিষ্কাশন এলাকা ও গ্রামের প্রশাসনিক সীমানার সমন্বয়ে পানি ব্যবস্থাপনা দল (WMG) গঠন করা হবে। এক বা একাধিক স্লুইস ভিত্তিক বড় আকারের নিষ্কাশন এলাকায় পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (WMA) ও পোল্ডার ভিত্তিক পানি ব্যবস্থাপনা ফেডারেশন (WMF) থাকবে।



- পানি ব্যবস্থাপনা দলগুলির মূল উদ্দেশ্য হচ্ছে সম্মিলিত পরিকল্পনায় এলাকায় পানিসম্পদের সর্বাধিক ব্যবহার নিশ্চিত করা। যার ফলশ্রুতিতে কৃষিজ উৎপাদন বেড়ে জীবন মান উন্নত হবে এবং এলাকার জনগণের স্বনির্ভরতা অর্জিত হবে।
- পানি ব্যবস্থাপনা দলের কমপক্ষে ৪০% সদস্য নারী হতে হবে। অনুরূপ কার্যনির্বাহী কমিটিতেও ন্যূনতম ৩০% নারী সদস্য থাকতে হবে।
- পানি উন্নয়ন বোর্ড, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ ও অন্যান্য সরকারি ও বেসরকারি সংস্থার সাথে কাজ করার সাথে সাথে পানি ব্যবস্থাপনা দলগুলো ক্রমাগতই স্বনির্ভর হয়ে উঠবে। স্বনির্ভরতা ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়।

বন্যা নিয়ন্ত্রণ ও খাদ্য উৎপাদনের জন্য পানি ব্যবস্থাপনা

পানি আমাদের মৌলিক প্রয়োজন। কিন্তু ব্যক্তিগত, পারিবারিক ও অর্থনৈতিক জীবন বিপর্যস্ত হয় পানির অবব্যবস্থাপনায়। আমরা আপনাদের সাথে কাজ করবো প্রয়োজনীয় পানি অবকাঠামো নির্মাণ ও তার সুষ্ঠু ব্যবস্থাপনায়।

- বন্যার পানি থেকে পোল্ডার রক্ষা করতে প্রয়োজন শক্তিশালী বাঁধ। স্লুইস গেট ব্যবহারের মাধ্যমে পানি নিয়ন্ত্রণ করা যায়। আউটলেটের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র নিচু নিষ্কাশন এলাকার পানি নিষ্কাশন করে ভূমিকে কৃষি উৎপাদন উপযোগী করা সম্ভব এবং ইনলেটের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র উচু এলাকায় ফসলের জন্য সেচের ব্যবস্থা করা যায়।
- ব্লু গোল্ডের মাধ্যমে আপনাদের চাহিদা, মতামত ও অগ্রাধিকার নির্ণয়ের ভিত্তিতে এইসব পানি ব্যবস্থাপনা অবকাঠামো নির্মাণ ও পুনর্নির্মাণ করবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। পানি ব্যবস্থাপনা অবকাঠামো নির্মাণে শুরু থেকে শেষ পর্যন্ত আপনারা সহায়তা করবেন এবং আপনারাই নিয়মিত অবকাঠামোর দেখভাল করে পানির সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করবেন।
- পোল্ডারের ৫০ ভাগ মাটির কাজ এলসিএসের (LCS) মাধ্যমে সম্পাদন করা হবে। এ কাজের জন্য দুস্থ নারীরা অগ্রাধিকার পাবে।
- নকশা করার সময় জলবায়ু পরিবর্তনকে বিবেচনায় রাখতে হবে।

